



উদ্যোক্তা নারী ও লাবণ্য প্রভা

● কামরুন নাহার তানিয়া

পাড়ালেখা করেছেন ইডেন কলেজের ভূগোল ও পরিবেশ বিভাগ থেকে। স্টুডেন্ট লাইফে থাকতেন হোস্টেলে। পড়ালেখার পাঠ চুকিয়ে যথারীতি চাকরি করতে শুরু করলেন। কিন্তু চাকরি করতে গিয়ে ধরাবাধা নিয়ম-কানুনের শেকল একদম ভালো লাগত না তার। চাকরি ছেড়ে দিলেন। স্বাধীনভাবে নিজে কিছু একটা করার চিন্তা তার অনেক আগে থেকেই ছিল। আবার একথাও মাথায় সব সময় রাখতেন যে, একসময় তার বিয়ে হবে, সংসার হবে। স্বাধীনভাবে উপার্জন করেও সংসারে স্বামী-সন্তানদেরকেও যেন পর্যাপ্ত সময় দিতে পারেন, এমন একটি কাজ তাকে বেছে নিতে হবে। তখন তিনি ভেবে দেখলেন, মেয়েদের হোস্টেল করার কথা। নিজেও যেহেতু হোস্টেলে অনেকটা সময় কাটিয়েছেন, তাই এর প্রয়োজনীয়তার দিকটি তিনি বেশ ভালো করেই জানতেন। বড় বোন, বাবা-মাকে নিজের ইচ্ছার কথা তিনি জানালেন। পরিবারের সবাই তাকে সব দিক থেকে সমর্থন দিল।

বলছিলাম লাবণ্য প্রভা ছাত্রী হোস্টেলের প্রাণভোমরা নাহিদ আনোয়ারের কথা। হোস্টেলের কর্ণধার বলুন, সুপার বলুন, ম্যানেজার বলুন কিংবা হোস্টেলের মেয়েদের অভিভাবকই বলুন, সবই ওই এক নাহিদ আপা। সব কিছুতে তিনি একাই একশ। নাহিদের কাছ থেকেই স্নানছিলাম তার স্বপ্নের হোস্টেল শুরুর দিনগুলোর কথা। শুরুর দিকে অর্থনৈতিকভাবে বাবার সাপোর্টটাই তাকে আজ এতদূর নিয়ে এসেছে। শুধু এই হোস্টেলের কাজেই নয়, জীবনের কোনো ক্ষেত্রেই বাবা-মায়ের কাছ থেকে তিনি বাধা পাননি। কারণ, তারা নাহিদের ওপর এ আস্থাটুকু সব সময়ই রেখেছেন যে, বাস্তববাদী একটি মেয়ে, সে যা-ই করুক ভুল করবে না। প্রথমে হোস্টেল করার ভাবনাটা শখ হিসেবেই ছিল। আস্তে আস্তে যখন হোস্টেলটি বেশ ভালোভাবেই চলতে শুরু করল, তার স্বপ্নও বড় হতে লাগল, শখ পরিণত হলো পেশায়। একজন নারী হিসেবে এমন একটি কাজকে পেশা হিসেবে নেয়া আমাদের দেশে অনেক চ্যালেঞ্জিং। এদিক দিয়ে নাহিদের ভাগ্যটা বেশ ভালোই বলতে গেলে। আগে থেকেই এলাকাতে নিজেদের একটা প্রভাব ছিল, তাই

হোস্টেল চালানো নিয়ে কোনোরকম উটকো ঝামেলায় তাকে পড়তে হয়নি। সবচেয়ে বড় স্ট্রাগলটা করতে হয়েছে শুরুর দিকে। একসঙ্গে এতগুলো টাকা বিনিয়োগ করার মতো ঝুঁকি নিতে হয়েছিল তাকে। অনেকদিন খালি হোস্টেলে বসে থাকতে হয়েছিল মেয়েদের অপেক্ষায়। তারপর ধীরে ধীরে তার হোস্টেলে মেয়েরা আসতে থাকে।

হোস্টেলের নামটিতে একটি আলাদা আকর্ষণ রয়েছে। হোস্টেলের নামকরণের পেছনের ঘটনাও বললেন নাহিদ। একটি টিভি চ্যানেলে প্রচারিত একসময়ের জনপ্রিয় একটা নাটকের নামানুসারে হোস্টেলের নামকরণ। ওই নাটকের কাহিনীও ছিল হোস্টেলের মেয়েদের জীবনযাপন নিয়ে। আর নাহিদ ওই সময়েই তার হোস্টেলটি শুরু করেন। হোস্টেলে মেয়েদের নিরাপত্তার বিষয়ে তিনি বললেন, 'এটা অবশ্যই নিশ্চিত করতে হবে। আমি নিজেও একজন নারী। আমি নিজেই যদি নিজের নিরাপত্তা দিতে না পারি, তবে অন্য মেয়েদের নিরাপত্তা কীভাবে দেব? একটা হোস্টেলের যে দারোয়ান সে-ও কিন্তু পুরুষ। সুতরাং তার ছারাও একটি মেয়ের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা থেকে যায়। এসব দিকেই আমাকে খেয়াল রাখতে হয়।' বাবা-মা, পরিবার থেকে অনেক দূরে একটি মেয়ে ঢাকায় এসে হোস্টেলে থেকে অনেক সময় নিজেকে একদম বাঁধন-হারা ভেবে বসে। অনেক সময় এরা নানারকম ফাঁদে পড়ে নিজেরা যেমন বিপদে পড়তে পারে, তেমনি অন্যকেও বিপদে ফেলে দিতে পারে। এসব সমস্যাও নাহিদ খুব ভালো করে সামলে নেন। তার হোস্টেলের নিয়ম-কানুনের মধ্যে এসে এমনিই মেয়েরা সুবোধ লক্ষ্মী হয়ে যায়। তার হোস্টেলের পরিবেশটাই তিনি এমন রেখেছেন যে, এখানে কেউ চাইলেও খারাপ হতে পারবে না।

জানতে চাইছিলাম, তার এই হোস্টেল নিয়ে স্বামী বা স্বস্তরবাড়ির লোকদের মনোভাব কেমন। নাহিদের হোস্টেল পরিচালনার কথা জেনেই তাকে পছন্দ করে বিয়ে করেছেন, এখন এই হোস্টেল চালানোতে নাহিদকে পূর্ণ সাহায্য করে থাকেন তার স্বামী। স্বামী ও স্বস্তরবাড়ির সবার সহযোগিতা ও সমর্থন না থাকলে এতদূর তিনি আসতে পারতেন না। আরো অনেক নারীর স্বপ্ন সফল করার পেছনে নাহিদের অবদানটিও অনেক বড়। তাই তিনিও এগিয়ে যান আরো দূর। ■

ঢাকার কয়েকটি লেডিস হোস্টেল

উত্তরা কর্মজীবী মহিলা হোস্টেল

বাড়ি # ২৬, রোড # ১২, সেক্টর # ৩, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা।

মোবাইল : ০১৭৩৫-৬৯২৪৯৫

স্বর্ণ ছাত্রী নিবাস

৩৩/৩/৫, শেফালী গার্ডেন, আজিমপুর রোড।

মোবাইল : ০১৭৬০-২০১৮৭২

নাবা ছাত্রী হোস্টেল

২২৩, মগবাজার, ঢাকা।

মোবাইল : ০১৭১১-৫৮৮০২৪, ০১৯৩৫-৬৯৯২১৪

সিক্কেখরীতে আরো একটি শাখা রয়েছে।

মোহনা গার্লস হোস্টেল

৩১৭/সি জাকির হোসেন রোড, মো:পুর।

মোবাইল : ০১৭৬৫-১৭৪০১৫

তরুলতা ছাত্রী নিবাস

সংসদ ভবন থেকে পূর্ব দিকে ১৩ নং সেবা বৃখ (মনিপুরীপাড়া কল্যাণ সমিতি)-এর পাশে তরুলতা ছাত্রী নিবাস অবস্থিত। এটির হোল্ডিং

ঠিকানা ৮৩/৪, ৮৩/৫৫, ১৩ মনিপুরীপাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা-১২১৫। ফোন

নম্বর (কেয়ারটেকার) ০১৯১৬-২৬০৫২৯

আপনঘর ছাত্রী হোস্টেল

খামার বাড়ির উত্তর পাশে মনিপুরীপাড়ার ৬নং সেবা বৃখ গেইট হতে ২০০ গজ দূরে

আপনঘর ছাত্রী হোস্টেল অবস্থিত। এই

হোস্টেলের হোল্ডিং ঠিকানা ৬৯/ডি, মনিপুরী-পাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা- ১২১৫।

ফোন নম্বর : ০২-৯১২৩০৮৭

পুষ্পখান ছাত্রী হোস্টেল

এটি গুলশান-১ নং গোলচত্বর থেকে প্রায় আধা কিলোমিটার দক্ষিণ-পশ্চিম দিকে

নিকেতনের ১ নং গেইট থেকে প্রায় ৪০০/৫০০ গজ পশ্চিম দিকে হাতের ডান

পাশে গলির মাথায় অবস্থিত।

বাড়ি # ৪৫, রোড # ১, ব্লক # এ (নিকেতন), গুলশান-১, ঢাকা-১২১২

বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল

৯২০, ব্লক # সি, রোড # ৭, খিলগাঁও, ঢাকা।

নীলক্ষেত কর্মজীবী মহিলা হোস্টেল

২, বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা। টেলিফোন : ৮৬১৯৪২১

শেলটেক জয় ছাত্রী হোস্টেল

২৭/২৮ বীর বিক্রম মঙ্গল চৌধুরী রোড, প্রুট # ১, ব্লক # কে, বনানী, ঢাকা-১২১৩

মোবাইল : ০১৭৩৭-১১০১৫৪

মাদার তেরেসা ছাত্রী হোস্টেল

বাসা : ১৬, সড়ক : ৩/বি, সেক্টর : ৯, উত্তরা, ঢাকা।

ফোন : ০১৭১২-১৯০০৩২